

# দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ঢাকা।

তারিখঃ ২৩/০৩/২০২৫

## বিষয় : ৫ম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১২ এপ্রিল ২০২৫ তারিখ থেকে অনুষ্ঠিতব্য ৫ম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষার প্রবেশপত্র ২৫ মার্চ ২০২৫ তারিখ থেকে ডাউনলোড করা যাবে। পরীক্ষার্থীরা আইবিবি ওয়েব সাইট (<https://online.ibb.org.bd>) এ Sign In অপশনে এনরোলমেন্ট নাম্বার/User ID (যার জন্য যেটা প্রযোজ্য) এবং Password দিয়ে Log In করে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। প্রবেশপত্রে কোন প্রকার গড়মিল পরিলক্ষিত হলে Email ([bpexam@ibb.org.bd](mailto:bpexam@ibb.org.bd)) -এর মাধ্যমে আইবিবিতে অবহিত করে তা সংশোধন করে নেয়ার জন্য পরামর্শ দেয়া হল।

বদলীজনিত কারণে নতুন প্রবেশপত্র ইস্যু করা হবে না। তবে পরীক্ষার্থীগণ বদলীর আদেশ দেখিয়ে বদলীকৃত কর্মস্থলের আওতাধীন কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন। সেক্ষেত্রে বদলীকৃত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দেয়ার জন্য বদলীর আদেশ সাথে নিয়ে যেতে হবে ও হল কর্তৃপক্ষকে অবহিত করে উপস্থিতি স্বাক্ষরশীটে নাম উঠিয়ে নিতে হবে। বদলীর বিষয়টি আইবিবিতে অবশ্যই Email ([bpexam@ibb.org.bd](mailto:bpexam@ibb.org.bd)) - এর মাধ্যমে অবহিত করতে হবে।

আইবিবি পরীক্ষা ব্যবস্থাপনা ডাটাবেজে ০১টি তালিকাভুক্তি নম্বরের তথ্যের ভিত্তিতে ফলাফল প্রস্তুত করা হয়ে থাকে। সেক্ষেত্রে ৫ম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষার প্রবেশপত্রে যে তালিকাভুক্তি নম্বর উল্লেখ আছে সেই তালিকাভুক্তি নম্বরের বিষয়ওয়ারী পাশ/ফেল তথ্যের ভিত্তিতে ফলাফল প্রকাশিত হবে। এমতাবস্থায়, ৫ম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষায় যে সমস্ত পরীক্ষার্থী পুরাতন তালিকাভুক্তি নম্বরে পাশ থাকা সত্ত্বেও নতুন পরীক্ষার্থী হিসেবে আবেদন করেছেন, তাঁদেরকে তালিকাভুক্তি নম্বর Merge করার জন্য তালিকাভুক্তি নম্বরগুলো উল্লেখপূর্বক মহাপরিচালক, আইবিবি বরাবরে আবেদন করার জন্য পরামর্শ দেয়া হল। অন্যথায়, একাধিক তালিকাভুক্তি নম্বরে সকল বিষয় পাশ করলেও ফলাফল Gazette এ তাদের নাম অন্তর্ভুক্ত হবে না।

মহাপরিচালক